



সিলেট গ্যাস ফিল্স লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

অক্টোবর-২০২৩ মাসে অনুষ্ঠিত ইনোভেশন টিমে সভার কার্যবিবরণী:

সভাপতি	: প্রকৌ. মোঃ ফারুক হোসেন মহাব্যবস্থাপক (কোম্পানি সচিব) ও ইনোভেশন অফিসার
তারিখ	: ৩১ অক্টোবর ২০২৩
সময়	: সকাল ১১:০০ ঘটিকা
স্থান	: অনলাইন জুম প্লাটফর্ম
উপস্থিতি	: রেকর্ডেড।

কোম্পানীর কাজের গতিশীলতা, গুণগত পরিবর্তন ও উত্তীবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দুটি ও সহজীকরণের পথ উভাবন ও চর্চার লক্ষ্যে সিলেট গ্যাস ফিল্স লিমিটেড (এসজিএফএল) এর বাংসরিক ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্তে এসজিএফএল অফিস আদেশ নম্বর: ২৮.২০.৯১৫৩.১৬১.৫৮.০০১.২২.১৪৫ তারিখ: ০১ অক্টোবর ২০২৩ এর আলোকে গঠিত কোম্পানির ইনোভেশন টিমের সভা ৩১-১০-২০২৩ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় অনলাইন জুম প্লাটফর্মে অনুষ্ঠিত হয়। উক্ত অনলাইন সভায় কোম্পানির ইনোভেশন টিম এবং ফিল্ড/স্থাপনার প্রতিনিধিগণ সংযুক্ত ছিলেন। সভায় মহাব্যবস্থাপক (কোম্পানি সচিব) ও ইনোভেশন অফিসার সভাপতিত করেন।

সভাপতি অনলাইন জুম প্লাটফর্মে সংযুক্ত থেকে ইনোভেশন টিমের সদস্যগণকে এবং ফিল্ড/স্থাপনার প্রতিনিধিদের স্বাগত জানিয়ে সভা শুরু করেন এবং ইনোভেশন টিমের সদস্য-সচিব ও ব্যবস্থাপক (এমএম-সিএফপি) জনাব প্রকৌ. রতন কাণ্ঠি নাথ-কে আলোচনার আঙ্গান জানান। সভাপতির সম্মতিক্রমে সদস্য-সচিব সভার আলোচ্যসূচী অনুযায়ী উপস্থাপন করেন এবং সবাইকে আলোচনায় অংশগ্রহণ করার জন্য অনুরোধ করেন। সভার আলোচ্যসূচী:

- ০১) **ইনোভেশন শোকেসিং এর জন্য ইনোভেশন আইডিয়াসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:**
২০-০৮-২০২৩ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভার সিদ্ধান্ত অনুযায়ী আওতাধীন অফিসসমূহের অংশগ্রহণে ন্যূনতম একটি ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) আয়োজনের লক্ষ্যে এসজিএফএল-এর ০৮টি ফিল্ড/স্থাপনায় একটি করে ইনোভেশন আইডিয়া বাস্তবায়নের জন্য গৃহীত হয়েছে। গৃহীত আইডিয়াসমূহ ফিল্ড/স্থাপনা অনুযায়ী প্রতিনিধিগণ বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন।
সিদ্ধান্ত: বিভাগিত আলোচনা শেষে শোকেসিং আয়োজনের লক্ষ্যে মার্চ ২০২৪ এর মধ্যে আইডিয়াসমূহ বাস্তবায়ন করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।
- ০২) **ই-নথির ব্যবহার বৃদ্ধি [ই-ফাইলে নোট নিষ্পত্তিকৃত]:**
সেপ্টেম্বর ২০২৩ মাসের ডি-নথির নিষ্পত্তি সংখ্যা ১১৭২ টি এবং হার্ড নথি নিষ্পত্তিকৃত সংখ্যা ১৯ টি এবং অক্টোবর ২০২৩ মাসের ডি-নথির নিষ্পত্তি সংখ্যা ১২৪০ টি এবং হার্ড নথি নিষ্পত্তিকৃত সংখ্যা ২৪ টি। উক্ত সভায় হার্ড নথির সংখ্যা কমিয়ে ডি-নথির ব্যবহার বৃদ্ধি বিষয়ে বিভাগিত আলোচনা করা হয়।
সিদ্ধান্ত: ই-গর্ভন্যাস্স ও উভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ অনুযায়ী হার্ড নথির সংখ্যা নিয়মিতভাবে ইনোভেশন টিমের বরাবরে পাঠানোর নির্দেশনা প্রদান করেন।



সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

- ০৩) আওতাধীন অফিসসমূহের তথ্য বাতায়ন হালনাগাদকরণ:

এসজিএফএল-এর ইনোভেশন টিম এবং ফিল্ডস্থাপনা প্রতিনিধিদের সাথে তথ্য বাতায়ন হালনাগাদ করণে বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। উক্ত আলোচনায় ফিল্ডস্থাপনা হতে তথ্য সমূহ প্রধান কাষালয়ে আইটি ডিপার্টমেন্টে প্রেরণ করবে এবং আইটি ডিপার্টমেন্ট প্রাপ্ত তথ্যসমূহ হালনাগাদ করবে।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনাতে যথাসময়ে তথ্যসমূহ আইটি ডিপার্টমেন্টে প্রেরণে নির্দেশনা প্রদান করেন।

- ০৪) বিবিধ:

(ক) এসজিএফএল-এর কৈলাশটিলা এমএসটিই প্লান্ট এবং ৪০০০ বিপিডি কনডেনসেট ফ্ল্যাকশনেশন প্লাটে ইনোভেশনের আওতায় বাস্তবায়নাধীন "এমএসটিই প্লান্টে স্টেরের মালামালের জন্য ইনভেন্টরি সফটওয়্যার তৈরিকরণ" এবং "সফটওয়্যারে বারকোড ও অপটিক্যাল মার্ক রিডার ব্যবহার করা এবং তেল সরবরাহের আদেশ অনলাইন সফটওয়্যারের মাধ্যমে গ্রহণ ও ডেসপাস প্রক্রিয়া সম্পূর্ণকরণ" আইডিয়া ০২ টি আলোচনা করা হয়।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনাতে আইডিয়া ০২টি বাস্তবায়নের নির্দেশনা প্রদান করেন।

(খ) ই-গৰ্ভন্যাল ও উক্তাবন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মশালা/সভা/সেমিনার আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। আলোচনায় ডিসেম্বর ২০২৩ নাগাদ একটি কর্মশালা আয়োজনের প্রয়োজনীয় বাবস্থা গ্রহণের জন্য আলোকপাত করা হয়।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনাতে ডিসেম্বর ২০২৩ মাসে কর্মশালা আয়োজনের জন্য নির্দেশনা প্রদান করেন।

সভাপতি ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ যথাসময়ে বাস্তবায়নে জন্য সকলের সহযোগিতা কামনা করেন। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

প্রকৌ. মোঃ ফারুক হোসেন

মহাব্যবস্থাপক (কোম্পানি সচিব)

ও

ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম, এসজিএফএল।

বিতরণ:

- ব্যবস্থাপনা পরিচালক, এসজিএফএল।
- মহাব্যবস্থাপক (সকল), এসজিএফএল।
- ফিল্ডস্থাপনা প্রধান, এসজিএফএল।
- ফোকাল পয়েন্ট অফিসার, এপিএ টিম, এসজিএফএল।
- ইনোভেশন টিমের সকল সদস্যবৃন্দ, এসজিএফএল।